

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে হ্যান্ড এ্যান্ড রিকনস্ট্রাক্টিভ সার্জারি উইং-এর উদ্বোধনী অনুষ্ঠানে তথ্য প্রকাশ  
২০১৬ সালে অর্থোপেডিক সার্জারি বিভাগে লক্ষাধিক রোগী সেবা নিয়েছেন, রোগীর সংখ্যা বেড়েছে ২৬০ শতাংশ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে অর্থোপেডিক সার্জারি বহির্বিভাগে গত ৫ বছরে ২৬০ শতাংশ রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। অপারেশনের সংখ্যা বৃদ্ধি পেয়েছে ১৯০ শতাংশ। অপারেশন বা অস্ত্রোপচারের দিক থেকে হ্যান্ড এ্যান্ড রিকনস্ট্রাক্টিভ সার্জারি উইং (Hand & Reconstructive Surgery wing)-এ রোগীর সংখ্যা ছিল সবচেয়ে বেশি অর্থাৎ ৩৬ শতাংশ। এর পরেই অধিক সংখ্যার দিক দিয়ে স্পাইন ও আর্থোসকপির রোগীরা অস্ত্রোপচারের মাধ্যমে চিকিৎসা সেবা নিয়েছেন। গত বছর ২০১৬ সালে অর্থোপেডিক সার্জারি বহির্বিভাগে ১



লাখ ২ হাজার ৪ শত রোগী সেবা নিয়েছেন। অপারেশন বা অস্ত্রোপচার হয়েছে মোট ৮৭৬ জন রোগীর। এর মধ্যে হ্যান্ড এ্যান্ড রিকনস্ট্রাক্টিভ সার্জারি উইং-এর রোগী ছিল ৩৬ ভাগ অর্থাৎ ৩৪৬ জন। আজ সোমবার ২৭ মার্চ ২০১৭ইং তারিখে সকাল ৮টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে হ্যান্ড এ্যান্ড রিকনস্ট্রাক্টিভ সার্জারি উইং (Hand & Reconstructive Surgery wing)-এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানে এসব তথ্য প্রকাশ করা হয়। গুরুত্বপূর্ণ এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, সিভিকিট মেম্বার অধ্যাপক কাজী শহীদুল আলম এবং অধ্যাপক ডা. আর আর কোয়েরি (Prof. R.R.Kairy). অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, ব্রাকিয়াল প্লেকজাস ও পেরিফেরাল নার্ভ ইনজুরি (Brachial Plexus, Peripheral Nerve injury) ও হ্যান্ড টিউমার (Hand Tumour)-এর উপর বিষদ বৈজ্ঞানিক প্রবন্ধ উপস্থাপন করেন। গত পাঁচ বছরের অর্থোপেডিক সার্জারি বিভাগের সার্বিক কার্যাবলীসহ হ্যান্ড সার্জারি ইউনিট (Hand Surgery Unit)-এর সার্বিক কার্যপরিধি উপস্থাপন করেন সহযোগী অধ্যাপক ডা. কৃষ্ণ প্রিয় দাশ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক ডা. আবু জাফর চৌধুরী (বিরু)। সমাপনী বক্তব্য রাখেন অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত। অনুষ্ঠানে বিশিষ্ট অর্থোপেডিক সার্জন অধ্যাপক সামসুদ্দিন আহমেদ (Prof. Samsuddin Ahmed)সহ বিএসএমএমইউ-এর বিভিন্ন বিভাগের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, অধ্যাপক, শিক্ষক ও চিকিৎসকবৃন্দ এবং রেসিডেন্টগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান তাঁর বক্তব্যে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে অর্থোপেডিক সার্জারি বিভাগে রোগীদের চিকিৎসাসেবার সুযোগ-সুবিধা বৃদ্ধির ক্ষেত্রে সব ধরনের সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্য বক্তারা বলেন, হ্যান্ড সার্জারি (Hand Surgery)-এর সব ধরনের অপারেশন বা অস্ত্রোপচার বিএসএমএমইউতে হচ্ছে। বিশেষত ব্রাকিয়াল প্লেকজাস ইনজুরি (Brachial Plexus injury) ও জটিল রিকনস্ট্রাক্টিভ সার্জারি (Reconstructive Wing)-এর মাধ্যমে আরো বেশী সংখ্যক রোগী সেবা পাবেন।

উল্লেখ্য, জনগত বিকলাঙ্গ, জটিল টেনডন (Tendon) ও নার্ভ সার্জারি, ব্রাকিয়াল প্লেকজাস (Nerve Surgery, Brachial Plexus) ও বিভিন্ন ধরনের রিকনস্ট্রাক্টিভ সার্জারি (Reconstructive Surgery)-এর মাধ্যমে হাতের বা পায়ের মারাত্মক যখমের যুগপোযোগী চিকিৎসা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে নিশ্চিত করা হয়েছে। নিউজ: প্রশান্ত। ছবি: সোহেল।